কার্যালয়
কমডোর সুপারিনটেনডেন্ট ডকইয়ার্ড
নিউমুরিং, চট্টগ্রাম

ফোনঃ ০২৩৩৩৩৪২৫০০-৩০ বর্ধিত ৬৭২৫
ই-মেইলঃ csd@navy.mil.bd

০৮ কার্তিক ১৪৩১

২৩.০২.১৫২৮.৫০১.৫৩.০০৩.২৪. ৩৪৬৬ ২২ অক্টোবর ২০২৪

দরপত্র আহবানের বিজ্ঞপ্তি

শর্তাবলী

১। বিএন ডকইয়ার্ড কার্পেন্ট্রি ওয়ার্কশপ এর সার্বিক তত্ত্বাবধানে বানৌজা ওমর ফারুক এর নিম্নে বর্ণিত কাজের জন্য যোগ্য ও উপযুক্ত মেরামতকারী প্রতিষ্ঠান সমূহের নিকট হতে দরপত্র আহবান করা যাচ্ছেঃ

a. **Work Description.** GRP hull of SONAR Dome deteriorated due to fair wear & tear. Size: L-8ft; B-8ft, Thickness- (12-16mm) approx.

b. **Work To Be Done.** Sonar Dome to be repaired/renewed as necessary.

২। **কাজ সংক্রান্ত বিবরণ ও বিশেষ শর্তাবলী।** উক্ত GRP hull of SONAR Dome এর মেরামত/নবায়ন এবং প্রয়োজনীয় কার্য সম্পাদনের জন্য শর্তাবলী নিম্নরূপঃ

ক। প্রয়োজন মোতাবেক আইটেম ও যন্ত্রাংশসমূহ OEM হতে সরবরাহ করতে হবে। উক্ত আইটেম/স্পেয়ার্সসমূহের তালিকা এবং OEM কর্তৃক Authentication সনদ প্রদান করতে হবে। স্থানীয়ভাবে মেরামতের ক্ষেত্রে উক্ত প্রতিষ্ঠানের দক্ষতা ও অভিজ্ঞতা সম্পর্কে বিস্তারিত বিবরণ দিতে হবে। বড় কোন অভিজ্ঞ ও নামকরা ব্যক্তি/ প্রতিষ্ঠানের সাহায্য নেওয়া প্রয়োজন হলে তা উল্লেখ করতে হবে। উক্ত কাজের প্রকৃত অবস্থা নির্ণয়ের জন্য দরদাতাগণ সংশ্লিষ্ট আইটেম সরেজমিনে পর্যবেক্ষণ করে দরপ্রস্তাব দাখিল করবেন এবং এতদসংক্রান্ত ব্যয় সরবরাহকারী/মেরামতকারী প্রতিষ্ঠান বহন করবেন। উক্ত কাজে চাহিদা মোতাবেক যথাযথ কর্তৃপক্ষের সম্মতিক্রমে বিএন ডকইয়ার্ড কর্তৃক মেরামত কাজ বিশেষ করে সংযোজন/প্রতিস্থাপন কার্যে প্রয়োজনীয় সহযোগীতা প্রদান করার সুযোগ থাকবে।

খ। উক্ত কাজটি নৌবাহিনীর চাহিদা/বিনির্দেশ মোতাবেক হতে হবে। দরপ্রস্তাবের অতিরিক্ত কোন যন্ত্রাংশ প্রয়োজন হলে মেরামতকারী কর্তৃক নিজ খরচে প্রদান করে আইটেমের সচলতা নিশ্চয়তা বিধান করতে হবে। উক্ত কাজ সম্পন্নের জন্য মেরামতকারীর নিজস্ব Work Shop এবং দক্ষ জনবল থাকতে হবে। অত্র সংস্থার পরিদর্শক টিম কর্তৃক মেরামতকারীর সক্ষমতা যাচাইয়ের ব্যবস্থা করতে হবে।

গ। যে সকল আইটেমসমূহ নবায়ন/ মেরামত করতে হবে তাদের প্রয়োজনীয় খুচরা যন্ত্রাংশের তালিকা এবং খাতওয়ারি খরচের বিবরণসহ দরপ্রস্তাব প্রদান করতে হবে।

৩। **তত্ত্বাবধায়ক শপ/ ঘাঁটি/ জাহাজ।** উক্ত কাজ বিএন ডকইয়ার্ড কার্পেন্ট্রি ওয়ার্কশপ এবং সংশ্লিষ্ট জাহাজ/ঘাঁটি এর সার্বিক তত্ত্বাবধানে সম্পাদন করতে হবে।

৪। **জনবলের শৃঙ্খলা ও নিরাপত্তা।** উক্ত কাজ সম্পাদনের সময় নিজস্ব সকল জনবলের সার্বিক শৃঙ্খলা ও নিরাপত্তা মেরামতকারী প্রতিষ্ঠান নিশ্চিত করবে।

৫। **কার্য সম্পন্নের সময়সীমা।** কার্যাদেশ গ্রহণের ০৭ দিনের মধ্যে উক্ত কাজ সম্পাদন করতে হবে (বানৌজা ওমর ফারুক কার্যযাচন নং ২০৪৩২৪০০০০৫ তারিখ ১৫ আগস্ট ২০২৪)। কার্যাদেশ গ্রহণের পর কাজ সম্পাদনে অহেতুক কালক্ষেপন বা অনাগ্রহ পরিলক্ষিত হলে কার্যাদেশ অত্র সংস্থা কর্তৃক বাতিল করা যেতে পারে।

৬। **কার্য সম্পাদন সনদ ও ডেলিভারি চালান।** দরদাতাকে মেরামত/নবায়ন কাজ সন্তোষজনকভাবে সম্পাদন শেষে সংশ্লিষ্ট জাহাজ/ঘাঁটি এর প্যাডে কার্যসম্পাদন সনদ/Work Completion Certificate গ্রহণ করতে হবে। সংশ্লিষ্ট কাজে মালামাল সরবরাহ করা হলে মেরামতকারী প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে সংশ্লিষ্ট জাহাজ/ঘাঁটি কর্তৃক প্রতিস্বাক্ষরিত ডেলিভারি চালান প্রদান করতে হবে।

৭। **ওয়ারেন্টি।** দরদাতাকে মেরামত কাজ শেষে প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে কার্যসম্পাদন/Work Completion এর তারিখ হতে পরবর্তী ০১ বছর পর্যন্ত ওয়ারেন্টি প্রদান করতে হবে। ওয়ারেন্টিকালীন মেরামতকৃত কাজের কোন ক্রটি দেখা দিলে দরদাতা প্রয়োজনীয় খুচরা যন্ত্রাংশসহ নিজ খরচে মেরামত কাজ সম্পাদন করতঃ বর্ণিত কাজ এর সচলতার টেষ্ট/ট্রায়াল সম্পাদন করবে।

৮। **বিলম্ব জরিমানা।** বর্ণিত কাজগুলি নির্দিষ্ট সময়ে সম্পন্ন করতে না পারলে কার্যাদেশের মোট মূল্যের উপর প্রতি মাসে সর্বনিম্ন ১%-২% হারে এবং সকল বিলম্বের উপর সর্বোচ্চ ১০% Liquidated Damage (LD) হিসেবে কর্তৃপক্ষ কর্তন করতে পারবে।

৯। **বিল প্রদান।** উল্লেখিত কাজ সন্তোষজনকভাবে সম্পাদনের পর কার্যসম্পাদন সনদ (০২ কপি), ডেলিভারি চালান (০২ কপি), ওয়ারেন্টি (০২ কপি), এবং অন্যান্য সকল নথিপত্রসহ যথাযথ বিল (০৪ কপি) পত্র মারফত সিএসডি বরাবরে পেশ করা হলে সিএসডি/এএফসি (নৌ) চট্টগ্রাম কর্তৃক বিধি মোতাবেক ভ্যাট ও ট্যাক্স কর্তন করতঃ বিল পরিশোধ করা হবে। উল্লেখ্য দরপ্রস্তাব, ওয়ারেন্টি, ডেলিভারি চালান, বিল এবং কন্টিনজেন্ট বিলসহ সকল কাগজপত্রে প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/মনোনীত প্রতিনিধি কর্তৃক একই ব্যক্তির স্বাক্ষরযুক্ত হতে হবে।

১০। বিএন ডকইয়ার্ড গার্ডরুমে রক্ষিত টেন্ডার বক্সে আগামী ০৫ নভেম্বর **২০২৪**, ১২০০ ঘটিকায় দরপত্র জমা দিতে হবে।

১১। আগামী ০৫ নভেম্বর **২০২৪**, ১২৩০ ঘটিকায় টেন্ডার বাক্স খোলা হবে।

১২। দরপত্র কমডোর সুপারিনটেনডেন্ট ডকইয়ার্ড, নিউমুরিং, চট্টগ্রাম এর বরাবর দাখিল করতে হবে।

১৩। দরদাতা কর্তৃক প্রস্তাবিত দরমূল্যের মধ্যে ভ্যাট, ট্যাক্স আলাদা ভাবে উল্লেখ করতঃ দরপত্র দাখিল করবে।

১৪। **দরপ্রস্তাব টেন্ডার বাক্সে ফেলার পূর্বে অবশ্যই খাম এবং গাম দ্বারা বন্ধ পূর্বক নিজস্ব প্রতিষ্ঠানের প্যাডে সীল মোহর যুক্ত হতে হবে।**

১৫। দরপ্রস্তাব দাখিল করে দরপত্র খোলার পর বাতিল বা প্রত্যাহারের আবেদন করা হলে তা গ্রহণযোগ্য হবে না। **সর্বনিম্ন দরদাতা নির্বাচিত হওয়ার পর কার্যাদেশ প্রদানের পূর্বে কাজে অপারগতা প্রকাশ করলে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।**

১৬। উক্ত কাজের জন্য প্রয়োজনীয় মালামাল সমূহ বিদেশ হতে আমদানীর প্রয়োজন হলে ভ্যাট এবং ট্যাক্স ব্যতিত অধিনায়ক, নৌ ভান্ডার, চট্টগ্রাম অথবা ভারপ্রাপ্ত কর্মকর্তা, নৌ উপ-ভান্ডার, ঢাকা (বাংলাদেশ নৌবাহিনী) কে কনসাইনি করে আমদানী করতে হবে।

১৭। উক্ত দরপত্রে তালিকা বহির্ভূত যোগ্য সরবরাহকারীগণ/স্থানীয় প্রস্তুতকারক প্রতিষ্ঠান (প্রযোজ্য ক্ষেত্রে) দরপ্রস্তাবে **উদ্ধৃত মূল্যের ৫% (অনধিক ০১ লক্ষ টাকা) অর্থ জামানত হিসাবে পে-অর্ডারের মাধ্যমে** কমডোর সুপারিনটেনডেন্ট ডকইয়ার্ড বরাবর প্রদান করতঃ দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন। সর্বনিম্ন গ্রহণযোগ্য দরদাতার উদ্বৃতমূল্যের পে-অর্ডারটি ওয়ারেন্টি সময়সীমা শেষ হওয়ার পর ফেরতযোগ্য বিবেচিত হবে।

১৮। দরপত্র সংক্রান্ত কোন বিষয় বোধগম্য না হলে অত্র সংস্থার প্ল্যানিং এন্ড এষ্টিমেটিং ডিপার্টমেন্টের আউট সাইড এজেন্সি (মোবাঃ ০১৭৬৯৭২৬৭৩৯) অথবা ফোরম্যান কার্পেন্ট্রি শপ (মোবাঃ ০১৭৬৯৭২৬৮৩৭) এর কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে।

১৯। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বাতিল/গ্রহণ ও অন্য কোন প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করার পূর্ণ ক্ষমতা রাখে।

২০। দরপ্রস্তাবের সাথে সংলগ্নি হিসেবে Warranty certificate, Liability of safety Personnel certificate, Clarification of liquidated damage certificate, Clarification of additional spare parts certificate, OEM authentication certificate, Trade Licence and Related work experience certificate প্রদান করতে হবে।

তাসনুভা আনান
কমান্ডার বিএন
পক্ষে কমডোর সুপারিনটেনডেন্ট ডকইয়ার্ড

বিতরণঃ
অন্তস্থঃ
কার্যঃ

প্রেসিডেন্ট টেন্ডার মূল্যায়ন কমিটি, সিএসডি সংস্থা

ভারপ্রাপ্ত কর্মকর্তা - ওয়েব সাইটে (www.csd.navy.mil.bd) প্রকাশের অনুরোধসহ
আইটি সেকশন, সিএসডি সংস্থা

বহিস্থঃ

কার্যঃ

নেভিগেটিং অফিসার - নোটিশ বোর্ডে দরপত্রটি ঝুলানোর অনুরোধসহ
বিএন ডকইয়ার্ড